

জারি । ১.৯.২০১৬  
কাঠগুড় কলাম

দেনিক  
**জনকর্ত্তা**

# যশোর বোর্ডে শীর্ষে খুলনা, তলানীতে কৃষ্ণিয়া

স্টাফ রিপোর্টর, যশোর অফিস।  
যশোর বোর্ডের ইচএসসি ফল  
বিচারে বোর্ড শীর্ষ অবস্থানে রয়েছে  
খুলনা জেলা। আর দশ জেলার  
মধ্যে তলানীতে রয়েছে কৃষ্ণিয়া  
জেলা। পাসের হারের ভিত্তিতে  
যশোর শিক্ষা বোর্ডের তালিকায় এ  
টির উচ্চ এসেছে।  
বোর্ডের তথ্য অনুযায়ী, খুলনা  
জেলা থেকে ১৮ শিক্ষা প্রতিষ্ঠানের  
২২ হাজার ৫৬ শিক্ষার্থী পরীক্ষায়  
অংশ নিয়ে পাস করেছে ১৯ হাজার  
৪১৫, পাসের হার ৮৭ দশমিক  
৯০। পাসের হারের দিক থেকে  
তারা শীর্ষে রয়েছে। আর সবচেয়ে  
নিচে থাকু কৃষ্ণিয়া জেলার পাসের  
হার ৭৩ দশমিক ১৮। এ জেলার  
৬৪টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১৪  
হাজার ২৩০ পরীক্ষার্থী অংশ নিয়ে  
পাস করেছে ১০ হাজার ৪১৬।  
এছাড়া সাতকীরা জেলার ৭০টি  
শিক্ষা প্রতিষ্ঠানের ১৪ হাজার ৯৪৮  
শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে পাস  
করেছে ১৩ হাজার ৬৪, পাসের  
হার ৮৭ দশমিক ৪০। যশোর  
জেলার ১১০টি শিক্ষা প্রতিষ্ঠানের  
২৪ হাজার ১৩৩ শিক্ষার্থী পরীক্ষায়  
অংশ নিয়ে পাস করেছে ২০ হাজার  
৫২৫, পাসের হার ৮৫ দশমিক  
০৫। বিলাইদহ জেলার ৭১টি শিক্ষা  
প্রতিষ্ঠানের, ১৭ হাজার ৩২৯  
শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে পাস  
করেছে ১৪; হাজার ৬৫৫ জন,  
পাসের হার ৮৪ দশমিক ৫৭।  
মেহেরপুর জেলার ২০টি শিক্ষা  
প্রতিষ্ঠানের ৪ হাজার ৪১৩ শিক্ষার্থী  
পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছে  
৩ হাজার ৬৫৪ জন, পাসের হার  
৮২ দশমিক ৮০। মগুরা জেলার  
৩৭টি শিক্ষা প্রতিষ্ঠানের ৮ হাজার  
৫০৪ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে  
পাস করেছে ৭ হাজার ১১, পাসের  
হার ৮২ দশমিক ৪৪। নড়াইল  
জেলার ২৪টি শিক্ষা প্রতিষ্ঠানের ৬  
হাজার ৯৫৩ শিক্ষার্থী পরীক্ষায়  
অংশ নিয়ে পাস করেছে ৫ হাজার  
৬৮৪, পাসের হার ৮১ দশমিক  
৭৫। বাগেরহাট জেলার ৪৫টি  
শিক্ষা প্রতিষ্ঠানের ৯ হাজার ৩২৩  
শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে পাস  
করেছে ৭ হাজার ৫৯৭, পাসের হার  
৮১ দশমিক ৪৯। চুয়াডাঙ্গা জেলার  
২২টি শিক্ষা প্রতিষ্ঠানের ৮ হাজার  
৬৪৯ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে  
পাস করেছে ৬ হাজার ৯০৮,  
পাসের হার ৭৯ দশমিক ৮৭।

॥